বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়
বরিশাল বিভাগ, বরিশাল।
http://lged.barisaldiv.gov.bd/

মুজিব শতবর্ষ MUJIB 100

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং ৪৬.০২.০০০০.০৬৫.৯৯.০০১.২১. ১৬২৭ তারিখ : ২৯/১১/২০২১

## অফিস আদেশ

২০২১-২০২২ অর্থ বছরে এলজিইডি, বরিশাল বিভাগের আওতায় (বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর, ভোলা, পটুয়াখালী ও বরগুনা জেলা) পরিচালন ব্যয়ে অথবা উন্নয়ন প্রল্পের অর্থায়নে সড়ক মেরামত ও সংরক্ষণ কার্যক্রম, পানি সম্পদ অবকাঠামো রক্ষণাবেক্ষন কার্যক্রম এবং ভবন মেরামত কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন পরিদর্শন ও তদারকীর জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে **টাস্কফোর্স** গঠন করা হলো:

| | |
|---|---|
| ১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর, বরিশাল বিভাগ (সিনিয়র, অনুপস্থিতিতে অপর জন) | - আহবায়ক |
| ২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, তত্ত্বধায়ক প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট অঞ্চল (সিনিয়র, অনুপস্থিতিতে অপর জন) | - যুগ্ম আহবায়ক |
| ৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট উপজেলা | - সদস্য |
| ৪। সহকারী প্রকৌশলী, এলজিইডি, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, বরিশাল বিভাগ (অনুপস্থিতিতে উপ-সহকারী প্রকৌশলী) | - সদস্য |
| ৫। সমাজ বিজ্ঞানী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা (অনুপস্থিতিতে কমিউনিটি অর্গানাইজার, সদর - পানি সম্পদ অবকাঠামোর ক্ষেত্রে) | - সদস্য |
| ৬। উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা নির্বাহী প্রকৌশলীর কার্যালয় (সংশ্লিষ্ট কাজের দায়িত্বপ্রাপ্ত) | - সদস্য |
| ৭। ল্যাব-টেকনিশিয়ান, এলজিইডি, সংশ্লিষ্ট জেলা নির্বাহী প্রকৌশলীর কার্যালয়। | - সদস্য |
| ৮। সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়। | -সদস্য সচিব |

**কার্যপরিধি - ১: সড়ক মেরামত ও সংরক্ষণ কার্যক্রম**

(ক) ২০২০-২০২১ অর্থ বছরে বাস্তবায়িত সড়ক মেরামত ও সংরক্ষণ কর্মসূচির মোবাইল মেইন্টেনেন্স উপখাতে বরাদ্ধ চিহ্নিত করা এবং এর আওতায় সংগৃহীত মালামালের বর্তমান স্টক যাচাই করা এবং উক্ত বছরে সম্পাদিত কাজের মাণ-পরিমাণ মূল্যায়ণ করা;

(খ) ২০২১-২০২২ অর্থ বছরে চলমান সড়ক মেরামত ও সংরক্ষনের আওতায় বরাদ্ধ চিহ্নিত করা এবং মোবাইল মেইন্টেনেন্স, ইমার্জেন্সী মেইন্টেনেন্স, অফপেভমেন্ট মেইন্টেনেন্স, পিরিয়ডিক মেইন্টেনেন্স, ক্যারিড ওভার ওয়ার্কস, ইত্যাদিক্রম তদারকি ও মনিটর করা;

(গ) মোবাইল মেইন্টেনেন্স টিমের গতিবিধি রেকর্ড (রেজিষ্টার) যাচাই পূর্বক মতামত প্রদান করা;

(ঘ) ইমার্জেন্সী মেইন্টেনেন্স কাজের বাস্তবায়ন যাচাই করা;

**কার্যপরিধি - ২: পানি সম্পদ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কার্যক্রম**

(ক) ২০২০-২০২১ অর্থ বছরে বাস্তবায়িত পানি সম্পদ অবকাঠামো রক্ষণাবেক্ষণ বরাদ্ধ চিহ্নিত করা এবং এর বাস্তবায়ন কার্যক্রম পর্যালোচনা করা;

(খ) ২০২১-২০২২ অর্থ বছরে বাস্তবায়নাধীন পানি সম্পদ অবকাঠামো রক্ষণাবেক্ষণ বরাদ্ধ চিহ্নিত করা এবং এর বাস্তবায়ন কাজ তদারকি ও মনিটর করা;

(গ) IWRM এর MIS Software আপডেট (প্রয়োজনে জেলা ভিত্তিক নির্দিষ্ট কাউকে দায়িত্ব দেয়া) নিশ্চিত করা;

**কার্যপরিধি - ৩: ভবন মেরামত রক্ষণাবেক্ষণ কার্যক্রম**

(ক) পর্যায়ক্রমিক রক্ষনাবেক্ষনের দৃষ্টিতে জেলা-উপজেলা কার্যালয় কর্তৃক প্রণীত অগ্রাধিকার তালিকা ও তার অনুমোদন পর্যালোচনা করা;

(খ) ২০২১-২০২২ অর্থ বছরে বাস্তবায়নাধীন প্রশাসন শাখা বা প্রকল্পের বরাদ্ধ চিহ্নিত করা এবং বাস্তবায়নাধীন ভবন মেরামত কাজ তদারকি ও মনিটর করা;

গঠিত টাস্কফোর্স তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, বরিশাল/পটুয়াখালী অঞ্চল এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে কাজ করবে। তাঁরা প্রতি মাসে অন্তত: একবার ৫ তারিখের মধ্যে **জেলা পর্যায়ে** সভায় মিলিত হবেন এবং পরিলক্ষিত প্রশাসনিক, কারিগরী এবং অন্যান্য সমস্যা সমাধানের উপায় সুপারিশ করবেন। উপরে বর্ণিত কার্যক্রম ছাড়াও জেলা নির্বাহী প্রকৌশলীগণ কর্তৃক প্রণীত মাসিক অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা করে তার সারসংক্ষেপ সম্বলিত মতামত প্রতি মাসের ১০ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল/পটুয়াখালী অঞ্চল বরাবরে জমা দেবেন। টাস্কফোর্স প্রয়োজনে সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), ল্যাব সহকারী, উপজেলা অফিসের সার্ভেয়ার, কনসালটেন্ট, প্রকল্পভুক্ত কর্মকর্তা/কর্মচারী বা অন্য কোন কর্মকর্তা বা কর্মচারীকে কো-অপ্ট করতে পারবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৯/১১/২০২১

(মো. নুরুল হুদা)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ.দা.)
ফোন : ০৪৩১-৭১৪৮৫-৬
ace.barishaldiv@lged.gov.bd

স্মারক নং ৪৬.০২.০০০০.০৬৫.৯৯.০০১.২১.১৬২৭ /১(৭) তারিখ : ২৯/১১/২০২১

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ**

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা, ডিজাইন ও গবেষনা), এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ / আইডব্লিউআরএম), এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন / রক্ষণাবেক্ষণ / আইডব্লিউআরএম-O&M / মান নিয়ন্ত্রণ), এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

২৯/১১/২০২১

(মো. নুরুল হুদা)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ.দা.)
ফোন : ০৪৩১-৭১৪৮৫-৬
ace.barishaldiv@lged.gov.bd

স্মারক নং ৪৬.০২.০০০০.০৬৫.৯৯.০০১.২১.৭১৬২৭/২(৯৫) তারিখ : ২৯/১১/২০২১

**অনুলিপি অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্যঃ**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, বরিশাল / পটুয়াখালী অঞ্চল, বরিশাল / পটুয়াখালী। গঠিত টাস্কফোর্স কর্তৃক কার্যকর তদারকী নিশ্চিত করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

২। প্রকল্প পরিচালক, --------------------------------------------------------------------------------এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা। গঠিত টাস্কফোর্স কর্তৃক কার্যকর তদারকী নিশ্চিত করতে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

৩। নির্বাহী প্রকৌশলী (সিভিল), এলজিইডি, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল। অবিলম্বে গঠিত টাস্কফোর্সের কার্যক্রম শুরু করার জন্য বলা হলো।

৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, বরিশাল / পটুয়াখালী অঞ্চল, বরিশাল / পটুয়াখালী।

৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর, ভোলা, পটুয়াখালী ও বরগুনা।

৬। সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জেলাঃ বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর, ভোলা, পটুয়াখালী ও বরগুনা।

৭। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, --------------------------(সকল) উপজেলা, জেলাঃ বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর, ভোলা, পটুয়াখালী ও বরগুনা।

৮। সহকারী প্রকৌশলী, এলজিইডি, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, বরিশাল বিভাগ।

৯। সহকারী প্রকৌশলী, এলজিইডি, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, বরিশাল / পটুয়াখালী অঞ্চল, বরিশাল / পটুয়াখালী।

১০। সহকারী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জেলাঃ বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর, ভোলা, পটুয়াখালী ও বরগুনা।

১১। সমাজ বিজ্ঞানী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জেলাঃ বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর, ভোলা, পটুয়াখালী ও বরগুনা।

১২। উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জেলাঃ বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর, ভোলা, পটুয়াখালী ও বরগুনা।

১৩। ল্যাব-টেকনিশিয়ান, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জেলাঃ বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর, ভোলা, পটুয়াখালী ও বরগুনা।

১৪। জনাব-----------------------------------------------------------------------------------------------------------------

২৯/১১/২০২১

(মো. নুরুল হুদা)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ.দা.)
ফোন : ০৪৩১-৭১৪৮৫-৬
ace.barishaldiv@lged.gov.bd